



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
এইচআরএম ইউনিট  
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৬.১৫.০০০১.২৫.৬৫

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
১১ মে ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮ বিধিতে জাতীয়করণকৃত কলেজসমূহের শূন্য পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে কলেজভিত্তিক বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের পদ সৃজনের প্রস্তাব প্রেরণ।

সূত্র: ৩৭.০২.০০০০.০০০.১১৬.১৫.০০০১.২৫.২৯, তারিখ: ১২/০৩/২০২৬খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮ বিধিতে জাতীয়করণকৃত কলেজসমূহের শূন্য পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে নিম্নে উল্লিখিত কলেজসমূহের কলেজভিত্তিক বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের পদ সৃজনের পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য ইতোপূর্বে পত্র প্রেরণ করা হয়েছিল। উক্ত কলেজগুলো থেকে কোন প্রস্তাব পাওয়া যায়নি। পদ সৃজনের প্রস্তাব প্রেরণে বিলম্বের কারণ ব্যাখ্যাসহ (আলাদা কাগজে) কলেজভিত্তিক বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের পদ সৃজনের পূর্ণাঙ্গ প্রস্তাব আগামী ১৯/০৫/২০২৬ তারিখের মধ্যে সংযুক্ত নমুনা কপি অনুসরণপূর্বক বাইন্ডিংকৃত ০৪ (চার) কপি বই উপ-পরিচালক (এইচ.আর.এম), কক্ষ নং-৫৩০ (প্রথম ব্লক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এবং সফটকপি dshepostcreation@gmail.com মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	কলেজের নাম
১	লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা
২	সাভার সরকারি কলেজ, সাভার, ঢাকা
৩	সরকারি হাজী আসমত কলেজ, কিশোরগঞ্জ
৪	ভেড়ামারা সরকারি কলেজ, কুষ্টিয়া
৫	সরকারি শাহ আব্দুর রউফ কলেজ, রংপুর
৬	সরকারি শামসুর রহমান কলেজ, শরীয়তপুর
৭	হাজীগঞ্জ মডেল সরকারি কলেজ, চাঁদপুর
৮	ইসলামপুর সরকারি কলেজ, জামালপুর
৯	সরকারি দোহার নবাবগঞ্জ কলেজ, ঢাকা
১০	হাটহাজারী সরকারি কলেজ, চট্টগ্রাম
১১	চকরিয়া ডিগ্রি কলেজ, কক্সবাজার
১২	মহাদেবপুর ইউনিয়ন ডিগ্রি কলেজ, মানিকগঞ্জ
১৩	কাহালু ডিগ্রি মহাবিদ্যালয়, বগুড়া

১১-০৫-২০২৬  
মো: শওকত হোসেন মোল্লা  
উপ-পরিচালক


পত্রে উল্লিখিত সকল কলেজের অধ্যক্ষ।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৬.১৫.০০০১.২৫.৬৫/১ (১)

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
১১ মে ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

অফিস কপি, এইচআরএম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১১-০৫-২০২৬

মো: শওকত হোসেন মোল্যা  
উপ-পরিচালক